



# গাজী মেডিকেল কলেজ

এ ১৯-২১, মজিদ স্মরণী, সোনাডাঙ্গা, খুলনা।

## ৩৫ তম গভর্নিং বডি'র সভার কার্যবিবরণী

সভাপতি	ঃ জনাব ডাঃ গাজী মিজানুর রহমান
সদস্য সচিব	ঃ জনাব অধ্যাপক ডাঃ হরিদাস বিশ্বাস
ভেনু	ঃ কনফারেন্স রুম, গাজী মেডিকেল কলেজ হাসপাতাল, সোনাডাঙ্গা, খুলনা
তারিখ	ঃ ২০ ডিসেম্বর ২০১৮, বেলা ১২.০০ টা

গাজী মেডিকেল কলেজের সম্মানিত চেয়ারম্যান এবং গভর্নিং বডি'র সভাপতি জনাব ডা. গাজী মিজানুর রহমান সভায় উপস্থিত রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মহোদয় কর্তৃক অনুমোদিত গভর্নিং বডি'র স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের প্রতিনিধি, স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধি, বিশ্ববিদ্যালয় প্রতিনিধিসহ সকলকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অধ্যাপক সভার সভাপতি মহোদয় নতুন অধ্যক্ষ জনাব অধ্যাপক ডাঃ হরিদাস বিশ্বাস এবং নতুন সদস্য ডাঃ রমেনন্দ্রনাথ বিশ্বাসকে ফুলের তোড়া দিয়ে অভিনন্দন জানান।

### সভার আলোচ্যসূচী ও গৃহীত সিদ্ধান্তসমূহ :

১। প্রথমেই গভর্নিং বডি'র সদস্য সচিবের পক্ষে পূর্ববর্তী সভার রেজুলেশন পাঠ করেন গভর্নিং বডি'র নতুন সদস্য সচিব অধ্যক্ষ অধ্যাপক ডাঃ হরিদাস বিশ্বাস। কোন সংশোধনী না থাকায় উপস্থিত সকলের সম্মতিক্রমে পূর্ববর্তী সভার রেজুলেশন অনুমোদন করা হয়।

২। অধ্যাপক সভায় অত্র কলেজে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে এমবিবিএস কোর্সে ১ম বর্ষে ছাত্র-ছাত্রী ভর্তি সম্পর্কিত আলোচনায় অধ্যক্ষ মহোদয় সকলকে অবহিত করেন যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য অধিদপ্তর এবং রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়ের নির্দেশনা অনুসারে ২০১৮-১৯ শিক্ষাবর্ষে এমবিবিএস কোর্সে ১ম বর্ষে ভর্তির জন্য প্রাপ্ত সকল আবেদনপত্রের কোটাভিত্তিক তালিকা (Merit A-Z) ২৫ নভেম্বর ২০১৮ তারিখে কলেজের ওয়েব সাইট, নোটিশ বোর্ড এবং ভর্তি কার্যক্রম পরিচালনার জন্য ভর্তি কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটি রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়ের নির্দেশনা অনুযায়ী বিশ্ববিদ্যালয় প্রেরিত প্রতিনিধিদ্বয়কে নিয়ে ইতিমধ্যে সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় সাধারণ কোটায় এবং অস্বচ্ছল মেধাবী কোটায় আবেদনসমূহ যাচাই বাছাই করে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক মেধাক্রম অনুসারে ছাত্র-ছাত্রী ভর্তি চলছে।

অধ্যাপক সভায় অত্র কলেজে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে এমবিবিএস কোর্সে ১ম বর্ষে ভর্তি কমিটির সুপারিশকৃত অস্বচ্ছল ও মেধাবী কোটার মোট ০৬ (ছয়) জনের মধ্যে ০৪ (চার) জন উপস্থিত হন এবং উপস্থিত ০৪ (চার) জন ছাত্র-ছাত্রী ও তাদের অভিভাবকদের সাক্ষাৎকার গ্রহণ করা হয়। উপস্থিত ছাত্র-ছাত্রীদের মেধা ও অর্থনৈতিক অস্বচ্ছলতার মানের ভিত্তিতে অস্বচ্ছল ও মেধাবী কোটায় ভর্তির জন্য সর্বসম্মতিক্রমে নিম্নে উল্লেখিত রোল নম্বরধারী ছাত্র-ছাত্রীদের নির্বাচিত করা হয়।

২১১২৫৮, ২১০১৭৭, ২১২৩১৩, ২১১০৩৫ = ০৪ জন।

৩। ক) অধ্যাপক সভায় অত্র কলেজে অধ্যক্ষ নিয়োগের বিষয়ে গত ০২ ডিসেম্বর ২০১৮ তারিখে জাতীয় দৈনিক " বাংলাদেশ প্রতিদিন" এ একটি নিয়োগ বিজ্ঞপ্তি দেয়া হয়। যার বুনিয়াদে নতুন অধ্যক্ষকে নিয়োগ দেয়ার সিদ্ধান্ত নেয়া হয় এবং রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়ের নিয়োগ নিয়মিতকরণ এবং পদোন্নতি বোর্ড কর্তৃক অনুমোদন হয়।

খ) মেডিসিন বিভাগের সহকারী অধ্যাপক ডাঃ আশরাফুল কবির এর সহযোগী অধ্যাপক এর আবেদন সঁদসবৃন্দে'র আপত্তিতে অনুমোদন না দেয়ার সুপারিশ করা হয় কারণ বিগত ৩২তম সভার কার্যবিবরণী ০৩ এর ধারা মতে " স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধি

জনাব অধ্যাপক ডাঃ মোঃ আব্দুর রশিদ বলেন, যেহেতু বেসরকারি মেডিকেল কলেজে চলতি দায়িত্ব বলে কোন পদ নেই, তাই এই পদে কোন নিয়োগ দেয়া যাবে না বা এই পদে কোন পদোন্নতি দেয়া যাবে না।”

পরিশেষে, সভাপতি মহোদয় গাজী মেডিকেল কলেজ এর উন্নয়ন কর্মকাণ্ডে ভূমিকা রাখার জন্য উপস্থিত সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জ্ঞাপন করে আজকের সভার সম্পাদিত ঘোষণা করেন।



অধ্যাপক ডাঃ হরিদাস বিশ্বাস  
সদস্য সচিব, গভর্নিং বডি এবং  
অধ্যক্ষ, গাজী মেডিকেল কলেজ

গভর্নিং বডিৰ ১৫ জন সদস্যদেৰ মোট ১১ জন সদস্য উপস্থিত ছিলেন। উপস্থিত সদস্যদেৰ নাম ও পদবী নিম্নরূপ:

ক্রমিক নং	নাম	পদবী
১	জনাব ডাঃ গাজী মিজানুর রহমান	সভাপতি
২	জনাব অধ্যাপক ডাঃ হরিদাস বিশ্বাস	সদস্য সচিব
৩	জনাব অধ্যাপক ডাঃ মোঃ আব্দুল আহাদ	বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি
৪	জনাব বেগম বদরুন্নেছা	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের প্রতিনিধি
৫	জনাব ডাঃ মোঃ মুসা খান	স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধি
৬	জনাব ডাঃ বঙ্গ কমল বসু	শিক্ষক প্রতিনিধি
৭	জনাব ডাঃ রমেন্দ্রনাথ বিশ্বাস	শিক্ষক প্রতিনিধি
৮	জনাব জাকিয়া সুলতানা	অভিভাবক প্রতিনিধি
৯	জনাব মোঃ কামরুল হাসান	অভিভাবক প্রতিনিধি
১০	জনাব অধ্যাপক ডাঃ ইয়াছিন আলী গাজী	বিদ্যোৎসাহী প্রতিনিধি
১১	ডাঃ কাজী মুজাহিদুল ইসলাম	বিশেষজ্ঞ প্রতিনিধি